

তারিখ: ১০/০২/২০২৫ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে একাদশ শ্রেণিতে নিয়মিত অধ্যয়নরত ও অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের আগামী ১১/০২/২০২৫ থেকে ১৮/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক শাখায় নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদন (সংযুক্ত) দাখিল করতে হবে। শিক্ষার্থীদের আবেদনসমূহ শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত কমিটি কর্তৃক যাচাই-বাছাই করার পর যথাসময়ে HSP-MIS এ যোগ্য শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তির নিশ্চয়তা প্রদান করে না, তথ্যাদি কেন্দ্রীয়ভাবে চূড়ান্ত নির্বাচন করা হয়।

পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:


- ১। শিক্ষার্থীর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তি ফি পরিশোধের Payslip এর ফটোকপি;
- ২। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (১ কপি) ফরমের নির্ধারিত স্থানে গাম দিয়ে লাগাতে হবে।
- ৩। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ১ কপি করে;
- ৪। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের (১৭ ডিজিট) ফটোকপি;
- ৫। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের (১০ অথবা ১৭ ডিজিট) ফটোকপি;
- ৬। পিতা ও মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের (১০ অথবা ১৭ ডিজিট) ফটোকপি;
- ৭। শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের NID কার্ড খোলা সচল/বৈধ নগদ একাউন্ট নম্বর;
- ৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার NID কার্ড ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন ও নগদ একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম প্রদান করতে হবে। মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতার NID কার্ড ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন ও নগদ একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম প্রদান করতে হবে। আবার পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক নির্বাচিত করলে তাঁর NID কার্ড ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন ও নগদ একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে তাঁর নাম প্রদান করতে হবে;
- ৯। শিক্ষার্থী সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে আবেদন অযোগ্য বলে বিবেচিত হবে;
- ১০। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১১। চূড়ান্তভাবে নির্বাচিতদের নামের তালিকা চট্টগ্রাম আঞ্চলিক পরিচালকের অফিসের ওয়েবসাইটে উপবৃত্তি সংক্রান্ত লিংকে প্রকাশ করা হয়ে থাকে।



(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা



বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।